



ইকফাই বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে পড়ুয়ার হাতে স্বর্ণপদক তুলে দিচ্ছেন রাজ্যপাল তথাগত রায়। — বৃহস্পতিবার ইকফাই বিশ্ববিদ্যালয়ে তোলা নিজস্ব ছবি।

ইকফাইয়ের সমাবর্তন ৩১৫ পড়ুয়াকে শংসাপত্র

কামালঘাট, ১৪ সেপ্টেম্বর : ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরাকে দেশের অন্যতম উৎকৃষ্ট শিক্ষা প্রতিষ্ঠান বানানোর লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য কর্তৃপক্ষের প্রতি উদাত্ত আহ্বান রাখলেন বিশ্ববিদ্যালয়ের পরিদর্শক তথা ত্রিপুরার রাজ্যপাল তথাগত রায়। বৃহস্পতিবার সকালে বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে রাজ্যপাল জানান, উচ্চমানসম্পন্ন পঠনপাঠনের কারণে ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা খুব অল্প সময়ে সমগ্র পূর্বেত্তরে অগ্রণী শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে জায়গা করে নিয়েছে। এভাবে চলতে থাকলে অদূর ভবিষ্যতে এই বিশ্ববিদ্যালয় দেশের একটি উৎকৃষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে পরিচিতি লাভ করবে। এ লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য রাজ্যপাল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে পরামর্শ দেন। সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ভারতে আধুনিক আইনশিক্ষা ব্যবস্থার প্রবর্তক হিসাবে খ্যাত, পদ্মশ্রী উপাধিতে ভূষিত অধ্যাপক এন আর মাধব মেনন। অন্য অতিথিদের মধ্যে ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ অজয় পাঠক, সহ-উপাচার্য অধ্যাপক বিপ্লব হালদার, এবং গভর্নিং বোর্ড ও অ্যাডভোকেটিক কাউন্সিলের সদস্যগণ।

আজকের সমাবর্তন অনুষ্ঠানে বিভিন্ন কোর্সে উত্তীর্ণ মোট ৩১৫ জন পড়ুয়ার হাতে শংসাপত্র তুলে দেওয়া হয়। এদের মধ্যে বিভিন্ন বিভাগে প্রথম স্থানাধিকারী ১৬ জন পড়ুয়াকে স্বর্ণপদক দিয়ে সম্মান জানানো হয়। পদকগুলি তুলে দেন রাজ্যপাল তথাগত রায়। সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রথম স্থানাধিকারী টাউন প্রতাপগড়ের বাসিন্দা শুভ্রজিৎ দাসকে সেরা ছাত্র হিসাবে দ্বিতীয় স্বর্ণপদক তুলে দেওয়া হয়।

সকাল ঠিক সাড়ে দশটায় সমাবর্তন অনুষ্ঠানের প্রথাগত সূচনা করেন বিশ্ববিদ্যালয়ের পরিদর্শক তথা রাজ্যপাল তথাগত রায়। স্বাগত ভাষণ দেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ অজয় পাঠক। সংক্ষিপ্ত ভাষণে তিনি বিশ্ববিদ্যালয়ের পড়ুয়াদের ভালো মানুষ এবং মনোযোগী পড়ুয়া হবার আহ্বান জানান। এরপর সহ উপাচার্য অধ্যাপক বিপ্লব হালদার বিশ্ববিদ্যালয়ের বর্তমান কর্মধারা এবং ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কিত একটি প্রতিবেদন সমাবর্তনে উপস্থিত সকলের সামনে উপস্থাপন করেন। তিনি বিশ্ববিদ্যালয়ের প্রতিনিয়ত শ্রীবৃদ্ধিতে প্রয়োজনীয় সহায়তার জন্য রাজ্য সরকারের ভূয়সী প্রশংসা করেন।

প্রধান অতিথির মূল ভাষণে পদ্মশ্রী বিজেতা অধ্যাপক এন আর মাধব মেনন জানান, তিনি ত্রিপুরার বন্ধুত্ববৎসল মানুষ এবং সবুজের টানে সুদূর কেরালা থেকে আগরতলায় চলে এসেছেন। ২০১৬ সালেও অধ্যাপক মেনন একটি অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য ইকফাই বিশ্ববিদ্যালয়ে এসেছিলেন। সেই অনুষ্ঠানেই বিশ্বখ্যাত জিমনাস্ট দীপা কর্মকার এবং তার কোচ বিশেষের নন্দীকে বিশ্ববিদ্যালয়ের তরফে সংবর্ধনা জানানো হয়েছিল।

অধ্যাপক মেনন জানান, উচ্চশিক্ষা ক্ষেত্রে ইকফাই বিশ্ববিদ্যালয়গুলি সারাদেশেই খুব ভাল কাজ করছে। বিশ্ববিদ্যালয়গুলির পাঠক্রম সমাজের সমসাময়িক চাহিদার সাথে সাযুজ্যপূর্ণ। এ কারণেই ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা খুব অল্পসময়ে সমগ্র পূর্বেত্তরে অগ্রণী শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে সুপরিচিতি লাভ করেছে। তিনি আশা প্রকাশ করেন, শিক্ষকদের প্রতিনিয়ত শিক্ষণ, পড়ুয়াদের কর্মসংস্থান এবং পাঠক্রমের ধারাবাহিক উন্নয়নের ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। সমাবর্তন অনুষ্ঠানে ধন্যবাদসূচক বক্তব্য পেশ করেন বিশ্ববিদ্যালয়ের নিবন্ধক ডঃ আভুলা রঙ্গনাথ।

ICFAI's impressive show in higher education: Guv

By Our Reporter

Kamalghat: Sep 14. The Governor Tathagata Roy has again put on record that ICFAI University Tripura was doing impressively well in the higher education sector of Tripura and North Eastern region. While speaking at the Convocation ceremony of the University at Kamalghat Campus this morning, the Governor hoped that ICFAI University Tripura would become a front running higher educational institute in the country very soon.

The Governor, who is the Visitor of ICFAI University-Tripura, advised the management of the University to plan and execute better curriculum and pedagogy, ensure quality education and arrange for placement of students. This way the University would emerge out as a centre of excellence in the entire country, he added.

He also handed over gold medals to 16 graduating students of the University. Subhrajit Das of Civil Engineering department was adjudged as overall topper and awarded with second gold medal. Altogether 315 students



graduated during 2016-17. Padmashree awardee legal educationist Prof. N R Madhava Menon, Vice Chancellor Dr. Ajay Pathak, Pro-Vice Chancellor Prof. Biplab Halder and members of Board of Governors handed over the certificates among the recipients.

The Vice Chancellor of the University Dr. Ajay Pathak delivered welcome address. He urged upon the students to be human being and attentive in studies. Pro-Vice Chancellor Prof. Biplab Halder, thereafter, presented an Annual Report of University on ongoing activities and future planning.

The chief guest of Convocation Prof. N R Madhava Menon said, ICFAI University Tripura has come up impressively in a short span of time to achieve excellence in the higher educational sector of Tripura in particular and entire North-East region in general.

Its noteworthy that Prof. Menon had visited ICFAI University Tripura last year to felicitate famous gymnast Dipa Karmakar and her Coach Bishweshwar Nandi. The UGC and other regulatory authorities must look after these issues. The ceremony concluded with Registrar Dr. A Ranganath conveyed the vote of thanks. 48 CM.

অচিরেই দেশের উৎকৃষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান হয়ে উঠবে ইকফাই ত্রিপুরা : রাজ্যপাল

কামালঘাট, ১৪ সেপ্টেম্বর। ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরাকে দেশের অন্যতম উৎকৃষ্ট শিক্ষা প্রতিষ্ঠান বানানোর লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য কর্তৃপক্ষের প্রতি উদাত্ত আহ্বান রাখলেন বিশ্ববিদ্যালয়ের পরিদর্শক তথা ত্রিপুরার রাজ্যপাল তথাগত রায়। বৃহস্পতিবার সকালে বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে রাজ্যপাল জানান, উচ্চমাত্রা সম্পন্ন পঠন-পাঠনের কারণে ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা খুব অল্পসময়ে সমগ্র পূর্বাঞ্চলের অগ্রণী শিক্ষাপ্রতিষ্ঠান হিসাবে জায়গা করে নিয়েছে। এভাবে চলতে থাকলে নিকট ভবিষ্যতে এই বিশ্ববিদ্যালয় দেশের একটি উৎকৃষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে পরিচিতি লাভ করবে। এলক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য রাজ্যপাল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে পরামর্শ দেন। সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ভারতে আধুনিক আইনশিক্ষা ব্যবস্থার প্রবর্তক হিসাবে খ্যাত, পদ্মশ্রী উপাধিতের ভূষিত অধ্যাপক এন আর মাধব মেনন। অন্যান্য অতিথিদের মধ্যে ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ অজয় পাঠক, সহ-উপাচার্য অধ্যাপক বিপ্লব হালদার, এবং গভর্নিং বোর্ড ও

অ্যাকাডেমিক কাউন্সিলের সদস্যগণ। আজকের সমাবর্তন অনুষ্ঠানে মোট বিভিন্ন কোর্সে উত্তীর্ণ ৩১৫ জন পড়ুয়ার হাতে শংসাপত্র তুলে দেওয়া হয়। এদের মধ্যে বিভিন্ন বিভাগে প্রথম স্থানধিকারী ২৬ জন পড়ুয়াকে স্বর্ণপদক দিয়ে সম্মান জানানো হয়। পদকগুলি তুলে দেন রাজ্যপাল তথাগত রায়। সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রথম স্থানধিকারী টাউন প্রতাপগড়ের বাসিন্দা শুভজিৎ দাসকে সেরা ছাত্র হিসাবে দ্বিতীয় স্বর্ণপদক তুলে দেওয়া হয়। সকাল ঠিক সাড়ে দশটায় সমাবর্তন অনুষ্ঠানের প্রথাগত সূচনা করেন বিশ্ববিদ্যালয়ের পরিদর্শক তথা রাজ্যপাল তথাগত রায়। স্বাগত ভাষণ দেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ অজয় পাঠক। সংক্ষিপ্ত ভাষণে তিনি বিশ্ববিদ্যালয়ের পড়ুয়াদের ভাল মানুষ এবং মনযোগী পড়ুয়া হবার আহ্বান জানান। এর পর সহ-উপাচার্য অধ্যাপক বিপ্লব হালদার বিশ্ববিদ্যালয়ের বর্তমান কর্মধারা এবং ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কিত একটি প্রতিবেদন সমাবর্তনে উপস্থিত সকলের সামনে উপস্থাপন করেন। তিনি বিশ্ববিদ্যালয়ের-প্রতিনিয়ত শ্রীবৃদ্ধিতে প্রয়োজনীয় সহায়তার জন্য রাজ্য সরকারের ভূয়সী প্রশংসা করেন।

প্রধান অতিথির মূল ভাষণে পদ্মশ্রী বিজেতা অধ্যাপক এন আর মাধব মেনন জানান তিনি ত্রিপুরার বন্ধুত্ববৎসল মানুষ এবং সবুজের টানে সুদূর কেরালা থেকে আগরতলায় চলে এসেছেন। ২০১৬ সালেও অধ্যাপক মেনন একটি অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য ইকফাই বিশ্ববিদ্যালয়ে এসেছিলেন। সেই অনুষ্ঠানেই বিশ্বখ্যাত জিমন্যাস্ট দীপা কর্মকার এবং ওর কোচ বিশেষ্বর নন্দীকে বিশ্ববিদ্যালয়ের তরফে সংবর্ধনা জানানো হয়েছিল। অধ্যাপক মেনন জানান, উচ্চশিক্ষা ক্ষেত্রে ইকফাই বিশ্ববিদ্যালয়গুলি সারাদেশেই খুব ভাল কাজ করছে। বিশ্ববিদ্যালয়গুলির পাঠ্যক্রম সমাজের সমসাময়িক চাহিদার সাথে সাযুজ্যপূর্ণ। একারণেই ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা খুব অল্পসময়ে সমগ্র পূর্বাঞ্চলের অগ্রণী শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে সুপরিচিতি লাভ করেছে। তিনি আশাপ্রকাশ করেন শিক্ষকদের প্রতিনিয়ত শিক্ষন, পড়ুয়াদের কর্মসংস্থান এবং পাঠ্যক্রমের ধারাবাহিক উন্নয়নের ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। সমাবর্তন অনুষ্ঠানে ধন্যবাদসূচক বক্তব্য পেশ করেন বিশ্ববিদ্যালয়ের নিবন্ধক ডঃ আভুলা রঙ্গনাথ। 45 CM.

Convocation ceremony held

Guv praises ICFAI Univ

Times News

Agartala, Sept 14 : Governor Tathagata Roy has again put on record that ICFAI University Tripura was doing impressively well in the higher education sector of Tripura and North Eastern region.

While speaking at the Convocation ceremony of the University at Kamalghat Campus this morning, the Governor hoped that ICFAI University Tripura would become a front running higher educational institute in the country very soon.

The Governor, who is the Visitor of ICFAI University-Tripura, advised the management of the University to plan and execute better curriculum and pedagogy, ensure quality education and arrange for placement of students. This way the University would emerge out as a centre of excellence in the entire country, the Governor said.

He also handed over gold

medals to 16 graduating students of the University. Subhrajit Das of Civil Engineering department was adjudged as overall topper and awarded with second gold medal. Altogether 315 students graduated during 2016-17.

Padmashree awardee legal educationist Prof. N R Madhava Menon, Vice Chancellor Dr. Ajay Pathak, Pro-Vice Chancellor Prof. Biplab Halder and members of Board of Governors handed over the certificates among the recipients.

Earlier, arriving at the Campus, the Governor and other dignitaries put on robes and walked down to the Convocation dais in a decorated procession.

After the Convocation was declared open by the Governor, the Vice Chancellor of the University Dr. Ajay Pathak delivered welcome address.

He urged upon the students to be human being and attentive in studies. Pro-Vice Chan-

cellor Prof. Biplab Halder, thereafter, presented an Annual Report of University on ongoing activities and future planning. He also put on record constant support and guidance received from Government of Tripura and hoped that such support would be continued to the University in achieving further growth.

In his key note address, the Chief Guest of Convocation Prof. N R Madhava Menon said, ICFAI University Tripura has come up impressively in a short span of time to achieve excellence in the higher educational sector of Tripura in particular and entire North-East region in general. He informed that greenery and friendly people of Tripura had attracted him to travel from Kerala to Agartala.

Its noteworthy that Prof. Menon had visited ICFAI University Tripura last year to felicitate famous gymnast Dipa Karmakar and her Coach Bishweshwar Nandi.